সমকাল

তারিখ [illegible] JAN 2015
পৃষ্ঠা [illegible]

জুবায়ের হত্যা

# অভিযুক্ত সেই ছাত্রকে জাবির চাকরি থেকে অব্যাহতি

■ জাবি সংবাদদাতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) জুবায়ের হত্যা মামলায় অভিযুক্ত ইতিহাস বিভাগের ৩৭তম ব্যাচের শিক্ষার্থী মো. মাহমুদুল হাসান মাসুদকে চাকরি থেকে অব্যাহতি দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। গতকাল রোববার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবু বকর স্বাক্ষরিত এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়।

জানা গেছে, ২০১৩ সালের ৬ ফেব্রুয়ারি থেকে বিশ্ববিদ্যালয়ের পরিবহন অফিসে নিম্নমান সহকারী কাম-কম্পিউটার পদে চাকরি (মাস্টার রোলে) করতেন মো. মাহমুদুল হাসান ওরফে মাসুদ। তার বাবা ইউনুছ আলী একই বিভাগের উচ্চমান সহকারী হওয়ায় পোষ্য কোটায় এ চাকরি পান তিনি। সাবেক উপাচার্য অধ্যাপক মো. আনোয়ার হোসেন মাসুদকে পরিবহন অফিসে চাকরি দেন। পরে বিষয়টি সমকালসহ বিভিন্ন জাতীয় দৈনিকে প্রকাশিত হলে গত ৮ জানুয়ারি উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলাম তাকে চাকরি থেকে অব্যাহতি দেওয়ার সিদ্ধান্ত নেন। রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক সমকালকে বলেন, আমরা বিষয়টি জানতাম না। বিভিন্ন জাতীয় দৈনিকে এ নিয়ে সংবাদ প্রকাশিত হওয়ায় আমরা ব্যবস্থা নিয়েছি।

২০১২ সালের ৯ জানুয়ারি প্রতিপক্ষ ছাত্রলীগ কর্মীদের হাতে নিহত হন ইংরেজি বিভাগের ছাত্র জুবায়ের।